



জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
গাজীপুর।

স্মারক নং-(০৫) জাতীয় বিঃ/পনি/অনার্স ২য় বর্ষ/২০১৮/৪৭/৯৬৫৩

তারিখঃ ০৩/০৬/২০১৮ ইং

**২০১৭ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফলাফল
পুনঃনিরীক্ষণের আবেদন প্রসঙ্গে**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফলাফল পুনঃনিরীক্ষণের জন্য আগামী ০৪/০৬/২০১৮ তারিখ সোমবার সকাল ১০:০০ টা থেকে ২৪/০৬/২০১৮ তারিখ রবিবার বিকাল ৪:০০ টা পর্যন্ত আবেদন করা যাবে এবং ব্যাংকে টাকা জমা দেয়া যাবে।

ছাত্র-ছাত্রী নিজেই www.nu.edu.bd ওয়েব সাইটে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে Pay Slip ডাউনলোড করতে পারবে। Pay Slip এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর ০২১৮১০০০০০১৩৫ উল্লেখপূর্বক টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে আবেদন ফরম পূরণ করা, Pay Slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে এবং পরবর্তীতে যে কোন প্রকার উদ্ভূত জটিলতার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

উল্লেখ্য, ফলাফল পুনঃনিরীক্ষণ/নম্বর যাচাই ফি প্রতি কোর্স ৮০০/- (আটশত) টাকা।

বিঃ দ্রিঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd থেকে Services গিয়ে সোনালী সেবা পে-স্লিপ ক্লিক করুন। তারপর Student Fee থেকে Rescruiting Fee সিলেক্ট করুন।

(বেদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোনঃ ০২-৯২৯১০১৭, ০২-৯২৯১০৫২

ফ্যাক্সঃ ০২-৯২৯১০৪৪

ই-মেইলঃ dch2.nu@gmail.com